# স্বাস্থ্য কর্মসুচী

এই স্বাস্থ্য কর্মসুচী মধ্যে প্রধান হচ্ছে গর্ভবতী মহিলাদের নিয়মিত চেকাপ সহ অন্যান্য গর্ভবতী মহিলাদের নিয়মিত সমস্যার চিকিৎসা করা সহ বিভিন্ন ধরনের টিকা কার্যক্রম পরিচালিত হয়ে থাকে।

কর্মসূচীর নামঃ- সম্প্রসারিত টিকাদান কর্মসূচী।

কর্মসূচী বাস্তবায়নকারীঃ- উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা এবং তাহার আওতাধীন সকল স্বাস্থ্য কর্মী।

অর্থায়ন ও অন্যান্য সহায়তাকারীঃ- স্বাস্থ্য ও পঃ কঃ মন্ত্রণালয়, বিশ্ব স্বাস্থ্য সংস্থা ।

## লক্ষ্য ও পদ্ধতিঃ

শিশুদের ০৮টি রোগের বিরুদ্ধে প্রতিরোধক টিকা প্রদান ও ভিটামিন এ ক্যাপসুল এর মাধ্যমে রাতকানা রোগ ও অপুষ্টি

প্রতিরোধ

মায়েদেরকে টিটি টিকার মাধ্যমে মা এবং নবজাতক শিশুর টিটেনাস প্রতিরোধ ব্যবস্থা।

মায়েদেরকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানোর মাধ্যমে মায়েদের এবং নবজাতক শিশুদের ভিটামিন এ এর ঘাটতি পুরন।

মূল লক্ষ্য হচ্ছে শিশু ভোগান্তি এবং মৃত্যুহার কমানো।

আওতাভুক্ত সুবিধাভোগী জনগোষ্ঠীঃ ১৫-৪৯ বৎসরের সকল মহিলা এবং ০- ৬০মাস বয়সী সকল শিশু।

## ই ও সি কর্মসূচীঃ

কর্মসূচীর নামঃ- প্রসুতি সেবা।

কর্মসূচী বাস্তবায়নকারীঃ- উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা এবং ই ও সি অর্ন্তভুক্ত হাসপাতাল সমূহের ডাক্তার ও নার্স।

অর্থায়ন ও অন্যান্য সহায়তাকারীঃ- স্বাস্থ্য ও পঃ কঃ মন্ত্রণালয়, ইউনিসেফ ।

লক্ষ্য ও পদ্ধতিঃ- নিরাপদ মাতৃত্ব ,বিপদ মুক্ত ডেলিভারী এবং শিশু ও মাতৃ মৃত্যু হার কমানো।

আওতাভুক্ত সুবিধাভোগী জনগোষ্ঠীঃ- সকল গর্ভবতী মা।

## এ আর আই কর্মসূচীঃ

কর্মসূচীর নামঃ- এ আর আই।

কর্মসূচী বাস্তবায়নকারীঃ- তত্বাবধায়ক/ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাসহ প্রতিষ্ঠানের সকল ডাক্তার,

চিকিৎসা সহকারী, ফার্মাসিষ্ট, নার্স ।

অর্থায়ন ও অন্যান্য সহায়তাকারীঃ - স্বাস্থ্য ও পঃ কঃ মন্ত্রণালয়, ইউনিসেফ ।

লক্ষ্যও পদ্ধতিঃ - শিশুদের নিউমোনিয়া এবং শ্বাসনালী প্রদাহ জনিত রোগের চিকিৎসা এবং প্রকোপ কমানো।

আওতাভুক্ত সুবিধাভোগী জনগোষ্ঠীঃ- সকল শিশু।

## টিবি এবং লেপ্রোসী কন্ট্রোল কর্মসূচীঃ

কর্মসূচীর নামঃ - যক্ষা ও লেপ্রোসী কন্ট্রোল কর্মসূচী।

কর্মসূচী বাসত্মবায়নকারীঃ- ব্র্যাক এবং স্বাস্থ্য বিভাগ যৌথভাবে।

অর্থায়ন ও অন্যান্য সহায়তাকারীঃ- স্বাস্থ্য ও পঃ কঃ মন্ত্রণালয়।

লক্ষ্যও পদ্ধতিঃ-

মূল লক্ষ্য হচ্ছে ওপেন কেইস সনাক্ত করে চিকিৎসা প্রদানের মাধ্যমে রোগের বিস্তার নিয়ন্ত্রন করা।

আওতাভুক্ত সুবিধাভোগী জনগোষ্ঠীঃ- বাংলাদেশের সকল জনগোষ্ঠী।

## আর্সেনিক কর্মসূচীঃ

কর্মসূচীর নামঃ- আর্সেনিকোসিস রোগ নির্ণয় কর্মসূচী ।

কর্মসূচী বাস্তবায়নকারীঃ- উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা এবং তাহার আওতাধীন সকল স্বাস্থ্য কর্মী।

অর্থায়ন ও অন্যান্য সহায়তাকারীঃ- স্বাস্থ্য ও পঃ কঃ মন্ত্রণালয়।

লক্ষ্য ও পদ্ধতিঃ- মূল লক্ষ্য হচ্ছে আর্সেনিকোসিস রোগ নির্ণয় এবং তাহার চিকিৎসা প্রদান।

আওতাভুক্ত সুবিধাভোগী জনগোষ্ঠীঃ- সকল জনগোষ্ঠী।

এ ছাড়াও অন্যান্য সকল ধরনের রোগের চিকিৎসা সেবা প্রদান করা হয়।